

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা
www.shed.gov.bd

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার সাথে ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ হাসানুল ইসলাম এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও চিফ ইনোভেশন অফিসার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ২৭ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১০.৩০ মিনিট।
সভার স্থান : ভার্চুয়াল সভা।

উপস্থিতির তালিকা: ভার্চুয়াল সভা।

২.০ সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি ইনোভেশন টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। তিনি প্রথমে ২২ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত অধিদপ্তর-দপ্তর-সংস্থার সঙ্গে ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সদস্য সচিব জানান যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে আজকের এ ভার্চুয়াল সভার আয়োজন করা হয়েছে। এরপর তিনি অধিদপ্তর-দপ্তর-সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম সভায় তুলে ধরেন। তিনি জানান যে, অধিদপ্তর-দপ্তর-সংস্থার কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেশন টিমের ৬টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ০১ (এক) দিনের ও ০২ (দুই) দিনের প্রশিক্ষণ এবং উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির সংক্রান্ত ০২ (দুই) দিনের প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করতে হবে। ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বহুরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য হালনাগাদ করে তথ্য বাতায়নে আপলোড করতে হবে। এ সকল কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চাওয়া হলে অধিদপ্তর-দপ্তর-সংস্থার ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ তাদের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি বলেন যে, উদ্ভাবনের অনেক কার্যক্রম এ.পি.এ.'র অন্তর্ভুক্ত। তাই উদ্ভাবনের কার্যক্রমসমূহ যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং অবশ্যই তথ্য বাতায়নে আপলোড করতে হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ Monthly Execution Calender প্রণয়ন করে মার্চ ২০২১ পর্যন্ত উদ্ভাবন কর্মপরিকল্পনার শতভাগ কার্যক্রম সম্পন্ন করেছে। অধিদপ্তর-দপ্তর-সংস্থার Monthly Execution Calender প্রণয়ন করে উদ্ভাবন কর্মপরিকল্পনার শতভাগ কার্যক্রম সম্পন্ন করতে পারেন। আরেকটি বিষয় মনে রাখতে হবে যে, সকল কার্যক্রমের প্রমাণক সংরক্ষণ করতে হবে এবং একইসাথে কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে প্রমাণকের কপি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.০ সিদ্ধান্তসমূহ:

- ৩.১ অধিদপ্তর-দপ্তর-সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ০৬ (ছয়) টি সভার আয়োজন করতে হবে;
- ৩.২ কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১ (এক) দিনের ও ০২ (দুই) দিনের প্রশিক্ষণ এবং উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত ০২ (দুই) দিনের প্রশিক্ষণ কর্মশালা যথাসময়ে আয়োজন করতে হবে;
- ৩.৩ ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য হালনাগাদ করে তথ্য বাতায়নে আপলোড করতে হবে;
- ৩.৪ ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত কার্যক্রম বাস্তবায়নের সাথে সাথে প্রমাণকের কপি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/

(মোঃ হাসানুল ইসলাম এনডিসি)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
ও
চিফ ইনোভেশন অফিসার।

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২০-৮১/১

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৬. উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭. সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮. সিনিয়র সহকারী সচিব (সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. প্রোগ্রামার (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১০. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬১৫৮
apa.sec@shed.gov.bd